

বাংলাদেশ সুপ্রীম কোর্ট,  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
২০২১ ইং সন্মের ৯০ নং গঠনবিধি

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, শারীরিক উপস্থিতি ব্যাতিরেকে অদ্য ৫ই এপ্রিল, ২০২১ইং রোজ সোমবার হইতে ১১ই এপ্রিল, ২০২১ইং রোজ রবিবার পর্যন্ত - আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার আইন ২০২০ (১১নং আইন, ২০২০) এবং অত্র কোর্ট কর্তৃক জারীকৃত প্রাকটিস ডাইরেকশন অনুসরন করতঃ তথ্য প্রযুক্তি ব্যবহার করে শুধু ভার্চুয়াল উপস্থিতির মাধ্যমে হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত বেষ্টসমূহ গঠন করা হইল :

১। বিচারপতি এম. ইনায়েতুর রহিম

এবং

A - 17

বিচারপতি মোঃ মোস্তাফিজুর রহমান

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য অতীব জরুরী সকল প্রকার রীট মোশন গ্রহণ করিবেন; যেকোন বেঞ্চে কর্তৃক প্রদেয় রূল ও অন্তর্বর্তীকালীন যেকোন আদেশ সংশোধনীর আবেদনপত্র গ্রহণ করিবেন।

(উল্লেখ্য, শুধু অদ্য ০৫/০৪/২০২১ইং তারিখ হইতে এফিডেভিটকৃত/দায়েরকৃত বিষয়সমূহ গ্রহণ করিবেন।)

২। বিচারপতি এফ. আর. এম. নাজমুল আহসান

এবং

A 25

বিচারপতি শাহেদ নূরউদ্দিন

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং একক ও ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য অতীব জরুরী সকল প্রকার দেওয়ানী মোশন গ্রহণ করিবেন; যেকোন একক ও ডিভিশন বেঞ্চে কর্তৃক প্রদেয় রূল ও অন্তর্বর্তীকালীন যেকোন আদেশ সংশোধনীর আবেদনপত্র গ্রহণ করিবেন।

(উল্লেখ্য, শুধু অদ্য ০৫/০৪/২০২১ইং তারিখ হইতে এফিডেভিটকৃত/দায়েরকৃত বিষয়সমূহ গ্রহণ করিবেন।)

৩। বিচারপতি জে. বি. এম. হাসান

এবং


A 26

বিচারপতি রাজিক আল জলিল

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং একক ও ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য অতীব জরুরী সকল প্রকার ফৌজদারী মোশন গ্রহণ করিবেন; জামিন সংক্রান্ত আদেশের বিরুদ্ধে ফৌজদারী আপীল মণ্ডুরীর আবেদনপত্র ও তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র এবং একক ও ডিভিশন বেঞ্চে কর্তৃক প্রদেয় জামিনসহ যেকোন আদেশ সংশোধনীর আবেদনপত্র গ্রহণ করিবেন।

(উল্লেখ্য, শুধু অদ্য ০৫/০৪/২০২১ইং তারিখ হইতে এফিডেভিটকৃত/দায়েরকৃত বিষয়সমূহ গ্রহণ করিবেন।)

একক বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য আদিম অধিক্ষেত্রাধীন বিষয়; সাকসেশন আইন, ১৯২৫ অনুযায়ী ইচ্ছাপত্র ও ইচ্ছাপত্র ব্যাতিরেকে মৃত ব্যক্তির বিষয়বস্তুর অধিক্ষেত্র; বিবাহ বিচ্ছেদ আইন, ১৮৬৯ অনুযায়ী মোকদ্দমা; প্রাইজ কোর্ট বিষয় সহ এ্যাডমিরেলটি কোর্ট আইন, ২০০০ অধিক্ষেত্রাধীন মোকদ্দমা; মার্টেন্ট শিপিং অর্ডিন্যাল, ১৯৮৩ এর অধীনে আবেদনপত্র; ২০০৯ ইং সনের ট্রেডমার্ক আইনের অধীন আবেদনপত্র; ১৯১৩ ও ১৯৯৪ইং সনের কোম্পানী আইন অনুযায়ী আবেদনপত্র; ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ইং (১৯৯১ইং সনের ১৪নং আইন) অনুযায়ী আপীল ও আবেদনপত্র; সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের ডিক্রি ও আদেশের বিরুদ্ধে অনুর্ধ্ব ৬,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ ডিক্রি ও আদেশের বিরুদ্ধে দেওয়ানী রিভিশন; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোক্তিত বিষয়াদি সংক্রান্ত রূল ও আবেদনপত্র।



প্রধান বিচারপতি  
বাংলাদেশ

তারিখঃ- ০৫/০৮/২০২১ইং

প্রচারের জন্য :-

- ১। বিচারপতি এম. ইনায়েতুর রহিম
- ২। বিচারপতি এফ. আর. এম. নাজমুল আহাসান
- ৩। বিচারপতি জে. বি. এম. হাসান
- ৪। বিচারপতি মুহাম্মদ খুরশীদ আলম সরকার
- ৫। বিচারপতি রাজিক আল জলিল
- ৬। বিচারপতি মোঃ মোস্তাফিজুর রহমান
- ৭। বিচারপতি শাহেদ নূরউদ্দিন